

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd


নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.১১.০০০১.২৫.৭৫২

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
০৩ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**গণবিজ্ঞপ্তি**

**বিষয়: খাদ্য অধিদপ্তরে নিয়োগ সংক্রান্ত জরুরি সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের ২৫ (পঁচিশ) ক্যাটাগরির ১৭৯১টি শূন্যপদের মধ্যে ১ম ধাপে ১৪ ক্যাটাগরির কারিগরি পদের লিখিত পরীক্ষা আগামী ০৯/০৮/২০২৫ খ্রি. তারিখ ঢাকা মহানগরীতে অনুষ্ঠিত হবে। পরবর্তীতে অন্যান্য পদের পরীক্ষার সময়সূচী ওয়েবসাইটে ও পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে যা ইতোমধ্যে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে খাদ্য অধিদপ্তরের আসন্ন ১ম ধাপের পরীক্ষাসহ বাকী সকল পদের পরীক্ষার সময়সূচী ও প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে মিথ্যা ও অবাস্তব তথ্য দিয়ে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়ানো হচ্ছে। ফলে প্রার্থী ও জনমনে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে এবং এতে খাদ্য বিভাগ তথা সরকারের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। উল্লেখ্য, প্রতি ধাপে পরীক্ষার জন্য নির্ধারিত সময়সূচী অনুযায়ী প্রশ্নপত্র মুদ্রনের স্থান হতে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে পৌঁছানোর জন্য যৌক্তিক ন্যূনতম সময় বিবেচনায় নিয়েই ICT, BUET এর কারিগরি সহযোগিতায় অতিউচ্চ প্রযুক্তির নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করে প্রশ্নপত্র প্রণয়ন ও মুদ্রন করা হবে। অনলাইনে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারণা চক্র কর্তৃক ছড়িয়ে দেওয়া এসব মিথ্যা ও গুজব হতে পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। চাকুরিতে নিয়োগ লাভের জন্য অসৎ ও অনৈতিকভাবে ব্যক্তিগত যোগাযোগ/সরকারি বা তৃতীয় পক্ষের মাধ্যমে আর্থিক লেনদেন বা অন্যকোন কর্মকাণ্ডের সাথে জড়িত প্রার্থীদের প্রার্থীতা বাতিল এবং খাদ্য অধিদপ্তরের ভবিষ্যতের সকল নিয়োগের ক্ষেত্রে অযোগ্য ঘোষণাসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



০৩-০৮-২০২৫

মোঃ মাহবুবুর রহমান  
পরিচালক

+৮৮-০২-৯৫৮৬২১৩ (ফোন)

+৮৮০-২-২২৩৩৫৫০৯৩ (ফ্যাক্স)

dadm@dgfood.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৪। পরিচালক, প্রশাসন/ সর্ববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কার্যালয়, ঢাকা।
- ৬। পরিচালক, এনএসআই, ঢাকা (ঢাকা বিভাগের দায়িত্বে কর্মরত)।
- ৭। জনাব ড. হোসেন আসিফুল মোস্তফা, অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ৮। পরিচালক, ব্যুরো অফ রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট।
- ৯। মাননীয় খাদ্য উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। জনাব ডঃ মোঃ লিয়াকত আলী, অধ্যাপক ও প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট, বুয়েট।
- ১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ১২। উপ সচিব, প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। উপসচিব, বিধি-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বগতীয় জন্ম)।

১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য এবং খাদ্য অধিদপ্তরের নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন টিভি চ্যানেলে স্ক্রল আকারে প্রকাশ)।

১৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

১৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....।

১৮। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং স্ক্রল আকারে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।।

২০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।

২১। সিস্টেম এনালিস্ট, আইআইসিটি, বুয়েট।

২২। অফিস কপি/, মাস্টার কপি।।

